



গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১  
Gazipur Palli Bidyut Samity-1

ISO 9001:2015 Certified

সিনিয়র জেনারেল ম্যানেজার এর কার্যালয়

সদর দপ্তর; চান্দনা, গাজীপুর।

টেলিফোন: ০২-৯২৬২৭৮৮, E-Mail: gazipbs@yahoo.com

Web Address: www.pbsl.gazipur.gov.bd

স্মারক নং-২৭.১২.৩৩০০.৫৬৯.০২.০০৮.২৪. ৪২৪৭

তারিখঃ ০৪ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ  
১৯ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

**“আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি”**

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে লাইন টেকনিশিয়ান পদে লোকবল নিয়োগের নিমিত্ত বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন লাইনম্যান গ্রেড-১ পদে কর্মরত কর্মচারীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত (A4 সাইজের কাগজে) সহ উপস্থিত হওয়ার জন্য আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা
০১.	লাইন টেকনিশিয়ান	(ক) এস,এস,সি বা সমমান (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার) পাশসহ লাইনম্যান গ্রেড-১ পদে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। লাইনকু হিসাবে মোট চাকুরীকাল ন্যূনতম ১০ (দশ) বছর হতে হবে। (খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষনাবেক্ষন ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। (গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে। (ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালাসহ জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। (ঙ) প্রার্থীকে অবশ্যই পোলের ওপর উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে। (চ) লাইনকুগণকে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে। (ছ) পদোন্নতির ক্ষেত্রে চাকুরীবিসি ১৯৯২ (সংশোধিত ২০১২) ও পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ প্রতিপালন করা হবে। (জ) লাইনম্যান গ্রেড-১ পদের সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।

**আবেদন করার পদ্ধতিঃ**

নিয়োগ লাভে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণকে পদের নাম উল্লেখ পূর্বক সাদা কাগজে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) যোগাযোগের ঠিকানা, (ঙ) স্থায়ী ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও (ট) নিয়মিতকরণের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান, নিয়মিতকরণ পত্রের ফটোকপি, সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী প্রয়োজ্য প্রয়োজনীয় প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের ফটোকপি, সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের ফটোকপি, সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও সকল কাগজপত্র এজিএম(প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত কপিসহ আবেদন করতে হবে। আবেদন করতে ইচ্ছুক প্রার্থীগণকে কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুপারিশ ও বিনা আপত্তির সনদপত্রে বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) উল্লেখপূর্বক স্বহস্তে লিখিত আবেদনপত্র সহ আগামী ০৭/১০/২০২৪ খ্রিঃ তারিখ, রোজ সোমবার সকাল ১০.০০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (গাজীপুর পবিস-১, চান্দনা, গাজীপুর) স্ব-শরীরে উপস্থিত থেকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**শর্তাবলীঃ**

- ০১। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ মোতাবেক যে সকল প্রার্থী নিম্নবর্ণিতভাবে (ক হতে জ পর্যন্ত) দস্ত প্রাপ্ত হয়েছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।
  - (ক) সর্বশেষ ০৩(তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদস্ত প্রাপ্ত হয়েছেন।
  - (খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদস্ত প্রাপ্ত হয়েছেন।
  - (গ) বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একের অধিকবার গুরুদস্ত প্রাপ্ত হয়েছেন।
  - (ঘ) বিগত ০৪ (চার) বছরের মধ্যে একবার গুরুদস্ত এবং একবার লঘুদস্ত প্রাপ্ত হয়েছেন।
  - (ঙ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে একের অধিকবার লঘুদস্ত প্রাপ্ত হয়েছেন।
  - (চ) পদোন্নতির জন্য ০৩(তিন) বার নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।
  - (ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

